



তারিখ : ১৪/১১/২০১৯ খ্রি.

বিজ্ঞপ্তি

“বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮” অনুযায়ী ১৬৫০টি শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে এম.পি.ও ভুক্তির আদেশ জারি করা হয়েছে। তার মধ্যে ৪৩৯টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, ৯৯৪টি মাধ্যমিক বিদ্যালয়, ৬৮টি স্কুল এন্ড কলেজ, ৯৩টি উচ্চ মাধ্যমিক কলেজ এবং ৫৬টি স্নাতক (পাস) কলেজ এম.পি.ও. ভুক্তির তালিকায় রয়েছে। তালিকায় সন্নিবেশিত প্রতিষ্ঠানসমূহের তথ্য যাচাই-বাছাইয়ের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি পর্যায়ক্রমে নতুন এম.পি.ও ভুক্ত প্রতিষ্ঠানসমূহের তথ্য যাচাই-বাছাইয়ের সিদ্ধান্ত গ্রহণ করেছে। সদ্য এম.পি.ও. ভুক্ত হওয়া প্রতিষ্ঠানসমূহের নিম্নোক্ত তথ্যাদি যাচাই-বাছাই করা হবে:


প্রতিষ্ঠানের স্বীকৃতি	<ul style="list-style-type: none">নিম্ন মাধ্যমিক পর্যায়ে স্বীকৃতির ১ম ও শেষ কপি (মূলকপি ও ফটোকপি সত্যায়িত)মাধ্যমিক পর্যায়ে স্বীকৃতির ১ম ও শেষ কপি (মূলকপি ও ফটোকপি সত্যায়িত)উচ্চ মাধ্যমিক পর্যায়ে স্বীকৃতির ১ম ও শেষ কপি (মূলকপি ও ফটোকপি সত্যায়িত)স্নাতক (পাস) পর্যায়ে অধিভুক্তির ১ম ও শেষ কপি (মূলকপি ও ফটোকপি সত্যায়িত)
প্রতিষ্ঠানের শিক্ষার্থী সংখ্যা	প্রতিটি পর্যায়ের ক্ষেত্রে- <ul style="list-style-type: none">২০১৭ সালের ভর্তি রেজিস্টার (শ্রেণি ভিত্তিক)২০১৭ সালের হাজিরা খাতা (শ্রেণি ভিত্তিক)
প্রতিষ্ঠানের পরীক্ষার্থীর সংখ্যা	প্রতিটি পর্যায়ের (প্রযোজ্য ক্ষেত্রে)- <ul style="list-style-type: none">পরীক্ষার ফরম পূরণের প্রিন্ট কপি জে এস সি-২০১৫, ২০১৬ ও ২০১৭ সাল এস এস সি-২০১৬, ২০১৭ ও ২০১৮ সাল এইচ এস সি- ২০১৫, ২০১৬ ও ২০১৭ সাল স্নাতক (পাস)- ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালরেজিস্ট্রেশনের জন্য টাকা জমার রশিদ (৮ম, ৯ম, ১১শ ও স্নাতক (পাস) ১ম বর্ষ)রেজিস্ট্রেশনের প্রিন্ট কপি জে এস সি-২০১৫, ২০১৬ ও ২০১৭ সাল এস এস সি-২০১৬, ২০১৭ ও ২০১৮ সাল এইচ এস সি- ২০১৫, ২০১৬ ও ২০১৭ সাল স্নাতক (পাস)- ২০১৪, ২০১৫ ও ২০১৬ সাল
প্রতিষ্ঠানের পাশের হার	<ul style="list-style-type: none">নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের ক্ষেত্রে বোর্ডের ফলাফলের কপি জে এস সি-২০১৫, ২০১৬ ও ২০১৭ সাল এস এস সি-২০১৬, ২০১৭ ও ২০১৮ সাল এইচ এস সি- ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালস্নাতক (পাস) পর্যায়ের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফলাফলের কপি স্নাতক (পাস)- ২০১৪, ২০১৫ ও ২০১৬ সাল

(Signature)

উল্লেখিত তথ্যাদি নিয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও তার প্রতিষ্ঠানের একজন শিক্ষকসহ নির্ধারিত তারিখ ও সময়ে (পরবর্তীতে তারিখ ও সময় বিজ্ঞপ্তির মাধ্যমে অবহিত করা হবে) যাচাই-বাছাই সংক্রান্ত কমিটির সম্মুখে নিম্নোক্ত ঠিকানায় উপস্থিত হবেন।

বিষয়টি অতীব জরুরি।

উপস্থিতির স্থান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ভবন-৩, ৫ম তলা (সম্মেলন কক্ষ)
১৩-১৪ জয়নাগ রোড, বকশীবাজার
ঢাকা-১২১১



(মোঃ এনামুল হক হাওলাদার)
উপ-পরিচালক (মাধ্যমিক) অতি. দা.
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
ফোন ০২-৯৫৫৭৬৯১
dddshesecondary@gmail.com

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

নতুন এম.পি.ও ভুক্ত ১৬৫০টি শিক্ষা প্রতিষ্ঠান

[চাহিত তথ্যাদিসহ নির্ধারিত তারিখ, সময় ও স্থানে উপস্থিত হওয়ার অনুরোধসহ]

নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.৩৩৫.২০১৯- ৬০৫৩

তারিখ: ১৪/১১/২০১৯ খ্রি.
৩০ শে কার্তিক ১২৪৬ বাং

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ২। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- ৪। মহাপরিচালক, ব্যানবেইস, ঢাকা
- ৫। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)
- ৬। পরিচালক (সা: প্রশাসন ও কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৭। পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৮। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৯। সংরক্ষণ নথি